

## **া** লা-তাহ্যান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২০৩. যদি শান্তি পেতে চান তবে আপনার প্রভূর মুখাপেক্ষী হোন

আল্লাহর বান্দা কেবলমাত্র মহান আল্লাহর অভিমুখী হয়েই শান্তি পেতে পারে। তিনি কুরআনে বহু আয়াতে শান্তির কথা বলেছেন

فَأَنزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَىٰ رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ

"অতঃপর আল্লাহ তার রাসূলের উপর ও মু'মিনগণের উপর তার প্রশান্তি অবতীর্ণ করলেন।" (৪৮-সূরা আল ফাতহঃ আয়াত-২৬)

"অতঃপর তিনি তাদের উপর প্রশান্তি অবতীর্ণ করলেন। (৪৮-সূরা আল ফাতহঃ আয়াত-১৮)

প্রশান্তি বলতে বুঝায় প্রশান্ত চিত্ত ও আল্লাহর প্রতি ঈমান ও তাওাক্কুল। প্রশান্তি হলো সন্দেহমুক্ত ঈমানদারদের ভোগকৃত শান্ত বা সৌম্য অবস্থা। (অর্থাৎ প্রশান্তি হলো এক শান্ত-সৌম্য অবস্থা যা সংশয়হীন মু'মিনরা ভোগ করে।) আল্লাহর সাথে নিকট সম্বন্ধ বা আল্লাহর নৈকট্য ও রাসূলের তরীকা একনিষ্ঠভাবে পালন করা অনুসারেই এ প্রশান্তি ও শান্তি অর্জিত হয়ে থাকে বা অর্জন করা যায়।

"যারা শাশ্বত বাণীতে ঈমান এনেছে আল্লাহ তাদেরকে দুনিয়ার জীবনে ও আখেরাতে সুপ্রতিষ্ঠিত রাখবেন।" (১৪-সূরা ইবরাহীমঃ আয়াত-২৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7711

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন